

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আঙুলের মাঝ থেকে পানি প্রবাহিত করার মাধ্যমে মহান আল্লাহ তাকে যে সম্মানিত করেছেন তার বর্ণনা

بَابِ مَا أَكْرَمَ اللَّهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ تَفْجِيرِ الْمَاءِ مِنْ بَيْنِ أَصابِعِهِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ إِسْرَائِيلَ، عَنْ مِنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ: كُنَّا أَصْحَابَ مُحَمَّدٍ صَلَّى عَبْدِ اللَّهِ، قَالَ: كُنَّا أَصْحَابَ مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعُدُّ الْآيَاتِ بَرَكَةً، وَأَنتُمْ تَعُدُّونَهَا تَخْوِيفًا، إِنَّا بَيْنَمَا نَحْنُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْسَ مَعَنَا مَاءً، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " اطْلُبُوا مَنْ مَعَهُ فَضِلُ مَاءٍ "، " فَأْتِيَ بِمَاءٍ، فَصَبَبَّهُ فِي الْإِنَاءِ، ثُمَّ وَضَعَ كَفَّهُ فِيهِ، فَجَعَلَ الْمَاءُ مَنْ مَعَهُ فَضِلُ مَاءً بَنْ اللَّهِ تَعَالَى ، وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ تَعَالَى ، فَشَرِبْنَا، وقَالَ عَبْدُ اللَّهِ تَعَالَى ؛ " حَيَّ عَلَى الطَّهُورِ الْمُبَارِكِ، وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ تَعَالَى ، فَشَرِبْنَا، وقَالَ عَبْدُ اللَّهِ: كُنَّا نَسْمَعُ تَسْبِيحَ الطَّعَامِ وَهُوَ يُؤْكَلُ

إسناده صحيح

## বাংলা

২৯. আলকামা রাহিমাহুল্লাহ আব্দুল্লাহ (ইবনু মাসউদ) রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন যে, আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু যখন চন্দ্রগ্রহণের সংবাদ শুনলেন, তখন তিনি বলেন: আমরা মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাহাবীগণ এ সকল নিদর্শনকৈ বরকতের বিষয় বলে মনে করতাম, আর তোমরা একে ভীতি প্রদর্শনকারী নিদর্শন হিসেবে গণ্য করছ। একদা আমরা রাসূলুল্লাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে ছিলাম, তখন আমাদের সাথে কোন পানি ছিল না। তখন রাসূলুল্লাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'খোঁজ কর, কার নিকট অতিরিক্ত পানি আছে।' তারপর তাঁর নিকট সামান্য পানি আনা হল। তিনি তা পাত্রে ঢাললেন, তারপর তার মধ্যে তাঁর হাতের তালু স্থাপন করলেন। ফলে তাঁর আক্দুলসমূহ হতে পানি উথলে উঠতে লাগল। তখন তিনি বললেন: 'বরকতময় পবিত্রকারী পানির দিকে এসো, আর বরকত তো আল্লাহ তা'আলার পক্ষ থেকেই হয়ে থাকে।' তারপর আমরা পান করলাম।



আব্দুল্লাহ বলেন: আমরা খাদ্য গ্রহণের সময় খাবারের তাসবীহ পড়া শুনতে পেতাম।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৩৫৭৯, ইবনু আবী শাইবা, ১১/৪৭৪ নং ১১৭৭১; বাইহাকী, দালাইল ৪/১২৯; সহীহ ইবনু হিবান নং ৬৫৪০; মুসনাদুল মাউসিলী নং ৫৩৭২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন